



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
অভ্যন্তরীণ সংগ্রহ শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৫৬১.২৩.২০৮

তারিখ: ২১ ভাদ্র ১৪৩০

০৫ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: চলতি বোরো সংগ্রহ, ২০২৩ মৌসুমে খুলনা বিভাগে সিদ্ধ চালের অতিরিক্ত লক্ষ্যমাত্রা প্রদান।

সূত্র: ১। খাদ্য অধিদপ্তরের স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.৫৬১.২৩.১৪০, তারিখ: ১৫.০৬.২০২৩ খ্রি.

২। খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নং ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০১.২৩.৯২, তারিখ: ০২.০৭.২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ ১নং স্মারকে জেলা/উপজেলাসমূহে অচুক্তিকৃত/অবরাদ্দকৃত চাল খাদ্য অধিদপ্তরে সমর্পণ করার জন্য পত্র প্রেরণ করা হয়। সে প্রেক্ষিতে সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক থেকে অচুক্তিকৃত/অবরাদ্দকৃত সর্বমোট ১০২৯৭.০২ মে.টন চাল খাদ্য অধিদপ্তরে সমর্পণ করেছে। সমর্পিত ১০২৯৭.০২ মে.টন চালের লক্ষ্যমাত্রা থেকে সূত্রস্থ ২নং স্মারকে ৯৫০০ মে.টন চালের বিভাগ ও জেলাভিত্তিক বরাদ্দ প্রদান করা হয়। অবশিষ্ট (১০২৯৭.০২ – ৯৫০০) = ৭৯৭.০২ মে.টন চাল অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এর ৮নং অনুচ্ছেদের (খ) উপ-অনুচ্ছেদ অনুযায়ী আন্তঃবিভাগীয় সমন্বয়ের মাধ্যমে খুলনা বিভাগের অনুকূলে বরাদ্দ প্রদান করা হলো। এ বরাদ্দের ফলে খুলনা বিভাগের মোট লক্ষ্যমাত্রা দাঁড়াবে (২০৮২১৫+৭৯৭.০২)= ২০৯০১২.০২ মে.টন।

অতিরিক্ত চালের বরাদ্দ প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাদি অনুসরণ করতে হবে;

ক) সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক জেলা কমিটিকে অবহিত করে বরাদ্দ প্রদান করবেন;

খ) অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এ যা কিছুই থাকুক না কেন সকল প্রকার অতিরিক্ত বরাদ্দ প্রদানের ক্ষেত্রে প্রাথমিকভাবে মিলারের সাথে চুক্তিকৃত চালের সর্বোচ্চ পরিমাণের অতিরিক্ত পরিমাণ বরাদ্দ প্রদান করা যাবে না। তবে প্রয়োজনে একই মিলার বরাবরে রিপিট বরাদ্দ প্রদান করা যাবে।

অতিরিক্ত প্রদানকৃত লক্ষ্যমাত্রার চাল অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ যথাযথ অনুসরণপূর্বক বিনির্দেশিত মানের চাল ক্রয়ের জন্য অনুরোধ করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



৫-৯-২০২৩

মোঃ মনিরুজ্জামান

পরিচালক (চলতি দায়িত্ব)

ফোন: +৮৮-০২-৪১০৫০১৭৮

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা

ইমেইল: dproc@dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৫৬১.২৩.২০৮/১(২০)

তারিখ: ২১ ভাদ্র ১৪৩০

০৫ সেপ্টেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ২) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৩) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় খাদ্যমন্ত্রীর সদয় অবগতির জন্য
- ৪) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য
- ৫) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ
- ৬) অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৭) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো
- ৮) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য



৫-৯-২০২৩

মোঃ মনিরুজ্জামান

পরিচালক (চলতি দায়িত্ব)